

AKASHVANI (AIR)

RNU : KOLKATA

Bengali Text Bulletin

Date 27-10-2025

Time: 1.40 P.M

প্রশাসনিক স্তরে রাজ্য সরকার আজ বেশ কিছু রদবদল ঘটিয়েছে।

উত্তর ২৪ পরগণার জেলাশাসক শরদ কুমার দ্বিবেদী স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা দপ্তরের নতুন সচিব হচ্ছেন। উত্তর ২৪ পরগণার জেলাশাসকের দায়িত্ব পাচ্ছেন শশাঙ্ক শেঠি। তিনি এতদিন হিডকোর ম্যানেজিং ডিরেক্টর ছিলেন। হিডকোর নতুন ম্যানেজিং ডিরেক্টর হচ্ছেন মুর্শিদাবাদের জেলাশাসক রাজর্ষি মিত্র।

কলকাতা পুরসভার মিউনিসিপ্যাল কমিশনার হচ্ছেন দক্ষিণ ২৪ পরগণার জেলাশাসক সুমিত গুপ্তা। বর্তমান কমিশনার ধবল জৈনকে বীরভূমের জেলাশাসক পদে পাঠানো হচ্ছে। বীরভূমের বর্তমান জেলাশাসক বিধান চন্দ্র রায় হচ্ছেন খাদ্য ও সরবরাহ দপ্তরের বিশেষ সচিব। দক্ষিণ ২৪ পরগণার জেলাশাসক পদে আসছেন অরবিন্দ কুমার মীনা। তিনি কোচবিহারের জেলাশাসক ছিলেন। কোচবিহারের নতুন জেলাশাসক হচ্ছেন রাজু মিশ্র। মুর্শিদাবাদের নতুন জেলাশাসক হচ্ছেন নীতিন সিংহানিয়া, তিনি এতদিন মালদার জেলাশাসক ছিলেন।

ভোটের তালিকার বিশেষ নিবিড় সংশোধনী-SIR নিয়ে আলোচনার মধ্যে আজ বিকেলে নতুন দিল্লীর বিজ্ঞানভবনে সাংবাদিক বৈঠক ডেকেছে নির্বাচন কমিশন।

সাংবাদিক সম্মেলনের বিষয়বস্তু স্পষ্ট না হলেও এ রাজ্যে এসআইআর শুরুর ঘোষণা হতে পারে বলে মনে করছেন অনেকেই।

উল্লেখ্য, ইতোমধ্যেই বিহারে এসআইআর প্রক্রিয়া শেষ করে নির্বাচনী নির্ঘণ্ট ঘোষণা করেছে কমিশন।

ডিজিটাল অ্যারেস্ট মামলা সংক্রান্ত ফাস্ট ইনফরমেশন রিপোর্ট FIR এর বিস্তারিত জানতে সব রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলগুলোকে আজ নোটিশ জারী করেছে সুপ্রিম কোর্ট। দেশব্যাপী যেভাবে ‘ডিজিটাল গ্রেফতার’-এর মাধ্যমে সাইবার প্রতারণা বৃদ্ধি পাচ্ছে এবং দুর্বৃত্তরা লক্ষ লক্ষ টাকা হাতিয়ে নিচ্ছে তাতে উদ্বেগ প্রকাশ করে সর্বোচ্চ আদালত, এসংক্রান্ত মামলা কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা-সিবিআইকে হস্তান্তর করার কথাও চিন্তা করছে বলে খবর। দেশ জুড়ে সব মামলার তদন্ত করতে পারবে কিনা সেই বিষয়ে সিবিআই এর কাছে জানতে চেয়েছে শীর্ষ আদালত।

উল্লেখ্য, সুপ্রিম কোর্ট স্বতঃপ্রণোদিত মামলা গ্রহণ করে চলতি মাসের ১৭ তারিখ থেকে এব্যাপারে শুনানি শুরু করেছে।

ঘূর্ণিঝড় Montha দক্ষিণ-পশ্চিম এবং সংলগ্ন পশ্চিম মধ্য এবং দক্ষিণ পূর্ব বঙ্গোপসাগরের উপর অবস্থান করছে। আগামীকাল সকালের মধ্যে এটি শক্তিশালী ঘূর্ণিঝড়ে পরিণত হওয়ার সম্ভাবনা রয়েছে বলে আবহাওয়া দপ্তরের পূর্বাঞ্চলীয় প্রধান ডঃ হাবিবুর রহমান বিশ্বাস জানিয়েছেন।

বাইট

কলকাতা, দক্ষিণ ২৪ পরগণা, হাওড়া, হুগলী, পূর্ব ও পশ্চিম মেদিনীপুর ও ঝাড়খাম জেলায় আজ বিক্ষিপ্তভাবে বজ্রবিদ্যুত সহ হাল্কা থেকে মাঝারি বৃষ্টির পূর্বাভাস।

আগামীকাল দক্ষিণ ২৪ পরগণা এবং পূর্ব মেদিনীপুরের দু-এক জায়গায় ভারী বৃষ্টির সতর্কতা জারি করা হয়েছে।

হাইকোর্ট এবং নিম্ন আদালতগুলির পরিকাঠামো উন্নয়ন সহ বিভিন্ন খাতে পর্যাপ্ত অর্থের অপ্রতুলতা নিয়ে আজও রাজ্যকে ভর্তসনা করেছে কলকাতা হাইকোর্ট। পুজোর ছুটির মধ্যে হাইকোর্ট প্রশাসনের সঙ্গে রাজ্যের অর্থ দপ্তরের সচিবের বৈঠকে সমস্যার সমাধান করার নির্দেশ থাকলেও সেই সমস্যার সম্পূর্ণ সুরাহা হয়নি। রাজ্যের পক্ষে আজ এব্যাপারে ফের সময় চাওয়ায় ক্ষোভ প্রকাশ করেন বিচারপতি দেবাংশু বসাক ও বিচারপতি মহম্মদ শব্বার রাশিদির ডিভিশন বেঞ্চ। বিচারপতি বসাক বলেন, প্রয়োজন হলে রিজার্ভ ব্যাঙ্কে রাজ্যের কনসোলিডেটেড ফান্ডের অ্যাকাউন্টে লেনদেন বন্ধ করার নির্দেশ দেওয়া হবে।

ডিভিশন বেঞ্চের নির্দেশ, ২৯ অক্টোবর ও ৬ নভেম্বর রাজ্য এবং হাইকোর্ট প্রশাসনকে ফের বৈঠকে বসতে হবে। সেখানে উপস্থিত থাকতে হবে মুখ্য সচিব এবং অর্থ সচিবকে। বৈঠকের রিপোর্ট দেখেই পরবর্তী সিদ্ধান্ত গ্রহণ করবে আদালত।

১০ই নভেম্বর মামলার পরবর্তী শুনানি।

দক্ষিণ ২৪ পরগণার কাকদ্বীপে কালীমূর্তি ভাঙার ঘটনায় প্রতিবাদ মিছিল করতে চেয়ে হাইকোর্টের দ্বারস্থ হয়েছে বিজেপি। আগামী ৩ নভেম্বর প্রতিবাদ মিছিলের অনুমতি

চেয়ে বিচারপতি শুভ্রা ঘোষের দৃষ্টি আকর্ষণ করা হলে তিনি মামলা দায়েরের অনুমতি দিয়েছেন। চলতি সপ্তাহেই মামলার শুনানি।

অন্যদিকে এই ঘটনায় সিবিআই তদন্তের আর্জি জানিয়ে হাইকোর্টে জনস্বার্থ মামলা দায়ের করেছে বিশ্বহিন্দু পরিষদ। শীঘ্রই সেই মামলারও শুনানির সম্ভাবনা ভারপ্রাপ্ত প্রধান বিচারপতি সুজয় পালের ডিভিশন বেঞ্চে।

উত্তরবঙ্গে সাম্প্রতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত দুধিয়া সেতুর বিকল্প হিসেবে তৈরি হিউম পাইপ সেতুর ওপর দিয়ে আজ যান চলাচল শুরু হয়েছে। ১৩২টি হিউম পাইপ দিয়ে তৈরি ৪৬৮ মিটার দীর্ঘ এই সেতুর কাজ ২২ দিনের মধ্যে সম্পূর্ণ হয়েছে। উল্লেখ্য, মিরিকের সঙ্গে শিলিগুড়ির সংযোগকারী দুধিয়া সেতু গত ৫ই অক্টোবর প্রবল জলোচ্ছ্বাসে ভেঙে পড়ে।

চারদিনের ছট পুজোর তৃতীয় দিনে আজ অস্তগামী সূর্যকে অর্ঘ্য নিবেদন করা হবে। দিনটি ‘সন্ধ্যা অর্ঘ্য’ নামেও পরিচিত। সূর্য যে আলো, উষ্ণতা এবং শক্তি প্রদান করে এর মধ্য দিয়ে তাঁর প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করা হবে। ভক্তরা আজ ঠেকুয়া, আখ, ফল এবং প্রদীপের মতো ঐতিহ্যবাহী প্রসাদ, বাঁশের তৈরি ঝুড়িতে নিয়ে নদীর তীরে বা জলাশয়ে সমবেত হবেন। সন্তান এবং পরিবারের সমৃদ্ধি এবং মঙ্গল কামনা করবেন তাঁরা। এরা জ্যেষ্ঠ নানা প্রান্তের মানুষ’ও এই উৎসবে মেতে উঠেছেন।

ছট পুজো উপলক্ষে রাষ্ট্রপতি দ্রৌপদী মূর্মু, উপরাষ্ট্রপতি সিপি রাধাকৃষ্ণণ, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ, দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন।
